বিষয় কোড | ১ | ১ | ১ |

# এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান—৬০

[ নিচের যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। ]

১. জিশান ও জসিম দুই বন্ধু পতেঙ্গা ও কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে গিয়েছিল। পাহাড়-পর্বত, ঝর্ণাধারা ও সমুদ্রের মনোরস দৃশ্যাবলী দেখে মুগ্ধ হয়ে জিশান বলল, 'আলহামদুল্লিাহ'। এসবই মহান আল্লাহর সৃষ্টি কিন্তু জসিম দ্বিমত পোষণ করে বলল, এগুলো প্রাকৃতিকভাবেই সৃষ্টি হয়েছে।

ক. তাওহিদে বিশ্বাস পরকালীন জীবনে মানুষকে কী দান করে? ১

খ. তাওহিদে বিশ্বাস প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. জসিমের মন্তব্যে তার যে মনোভাব প্রকাশ পেয়েছে শরীআতের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জিশান ও জসিমের মধ্যে কার মতামতকে তুমি অধিক যৌক্তিক বলে মনে করো? কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. নোমান সাহেব একজন বিজ্ঞ আলেম। শেষ নবির উম্মত হিসাবে দীনের দাওয়াত মানুষের মাঝে ছড়িয়ে দেয়াকে তিনি অন্যতম কাজ হিসাবে নিয়েছেন। কিন্তু তার প্রতিবেশী সোহান সাহেব মনে করেন, আল্লাহর দীন রক্ষার দায়িত্ব আল্লাহরই। তিনি ইচ্ছা করলে বিধানসহ কোনো নবি-রাসূল প্রেরণ করে মানুষকে সংপথে আনবেন। সাধারণ মানুষের দীন প্রচারের দায়িত্ব আছে বলে তিবি বিশ্বাস করে না। নোমান সাহেব তার এ ধারণার সম্পূর্ণ বিরোধিতা করে দীনের দাওয়াত চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন।

ক. মনোনীত বান্দা হিসেবে নবি-রাসূলগণ কীসের অধিকারী ছিলেন? ১

খ. নবি-রাসূল প্রেরণের উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ২

গ. সোহান সাহেবের বিশ্বাস ইসলামি শরীআতের দৃষ্টিতে কীরূপ ব্যাখ্যা কর।৩

ঘ. নোমান সাহেবের সিদ্ধান্তের যৌক্তিকতা কুরআন ও হাদিসের আলোকে মূল্যায়ন কর। ৪

৩. আশফাক সাহেব সপরিবারে শহরে থাকেন। গ্রীষ্মের ছুটিতে দশম শ্রেণির ছাত্র রুস্মানকে নিয়ে গ্রামে বেড়াতে এসেছেন। রাতে খাওয়া শেষে আশফাক সাহেব বাড়ির উঠানের ফলের গাছেগুলো বিক্রি করার সিদ্ধান্ত নিলেন। রুস্মান বললো, "আব্বু, গাছগুলো কেটে ফেলো না এবং উঠানের পাশে ফাঁকা জায়গায় আমি আরো গাছ লাগাতে চাই।" আমি হাদিসে পড়েছি–

ما من مسلم يغرس غرسا او يزرع ززقا فيا كل منه طير او
انسان او بهيمة الا كان له به صدقة-

http://teachingbd.com

ক. "কুদসি" শব্দের অর্থ কী? ১

খ. রাসূল্লাহ (স) এর জীবদ্দশায় হাদিস লিখে রাখা নিষেধ ছিল কেন? ব্যাখ্যা কর। ২

গ. রুম্মানের উদ্যোগটি কীরূপ? ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. আশফাক সাহেবের সিদ্ধান্তের ফলাফল উপরোল্লেখিত হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪. রাইয়ান সমাজ জীবনের এমন কিছু সমস্যা নিয়ে রায়হানের সাথে আলোচনা করল, যার সমাধান সরাসরি কুরআন ও হাদিসে নাই। তারা এ সমস্যার সমাধানে একজন বিজ্ঞ আলেমের শরণাপন্ন হলে তিনি বলেন, ইসলাম একটি গতিশীল জীবনব্যবস্থা। প্রয়োজনে আমরা হযরত মুয়াম (রা:) এর পথ অনুসরণ করতে পারি। এ ব্যাপারে আল্লাহতায়ালা বলেন, অতএব হে জ্ঞানীগণ তোমরা উপদেশ গ্রহণ কর।

ক. শরিয়তের চতুর্থ উৎস কী? ১

খ. ইসলামের আধুনিকতা কিয়ামত পর্যন্ত কীভাবে অক্ষুন্ন থাকবে? ব্যাখ্যা কর। ২

গ. রাইয়ান ও রায়হানের আলোচিত সামাজিক সমস্যার সমাধানে আমরা শরিয়তের কোন নীতি অবলম্বন করব? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইসলাম গতিশীল জীবনব্যবস্থা বিজ্ঞ আলেমের এ মন্তব্যকে হযরত মুয়াযের মতামতের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. মিরাজ সাহেব একজন প্রতিষ্ঠিত বড় ব্যবসায়ী। ব্যবসা সংক্রান্ত কর্মকান্ডে তার সততা ও সফলতার কথা সবার মুখে মুখে ব্যবসা ও পারিবারিক কাজের বাইরে তার কার্য তালিকায় তার কোনো কাজ নেই। তারই প্রতিবেশি মিজান সাহেব সালাত, সাওম ও যিকর-আযসকার নিয়ে সম্পূর্ণ দিন অতিবাহিত করেন। পরিবার, প্রতিবেশি ও আত্মীয়-স্বজনের প্রতি তার কোনো খেয়ালই নেই। তিনি নিজেকে একজন পূর্ণ মুসলমান মনে করেন।

ক. মানুষ ও অন্যান্য প্রাণীর মধ্যে কীসের পার্থক্য? ১

খ. বিত্তবানদের জন্য যাকাত প্রদান অপরিহার্য কেন? ব্যাখ্যা কর। ২

গ. মিরাজ সাহেবের কর্মকান্ডে তার হক অনুপস্থিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিজান সাহেব কী সত্যিই একজন পূর্ণ মুসলমান তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৬. রিফাত একজন ভালো ছাত্র হিসেবে সবার কাছে সমাদৃত। সে শিক্ষককে যথেষ্ট সম্মান করে এবং ক্লাসের আদব মেনে চলে। সে ক্লাসে প্রথম স্থান অধিকারী। কিন্তু রিফাত নামায পড়ে না এবং রোযা রাখে না। তার বন্ধুবান্ধব উচ্ছৃঙ্খল আচরণের অধিকারী। ইসলাম শিক্ষার শিক্ষক মাওলানা আরেফিন সিদ্দিকী একদিন রিফাতকে ডেকে বললেন, তুমি তোমার উচ্ছৃঙ্খল বন্ধুদের ত্যাগ কর অথবা তাদের আদর্শ চরিত্রের অধিকার কর। তুমি নিজেও সব পাপ কাজ ত্যাগ কর। তাহলেই তুমি আদর্শ ছাত্র হতে পারবে।'

ক. জাতির মেরুদন্ড কী? ১

খ. শিক্ষকদের ব্যক্তিত্ববোধসম্পন্ন হওয়া প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. রিফাত আর্দশ ছাত্র কিনা ব্যাখ্যা কর। ৩

ঘ. আদর্শ ছাত্র হওয়ার ক্ষেত্রে ইসলাম শিক্ষার শিক্ষক মাওলানা আরেফিন সিদ্দিকী সাহেবের সুপারিশ মূল্যায়ন কর। ৪

Copyright Md Shah Jamal

৮. কিছু তরুণ একটি মেয়েকে উত্যাক্ত করছিল তা দেখে জামিল তাদের নিষেধ না করে পাশে কাটিয়ে চলে গেল। এমন সময় জামান সেখানে উপস্থিত হলো। সে তাদের সালাম দিয়ে আলাপ জমানোর চেষ্টা করল। সে তাদের বুঝিয়ে বলল, এ কাজ ধর্ম নৈতিকতা ও আইনবিরোধী এতে নিজের মা-বোনের ইজ্জত নষ্ট করা হয়। তরুণরা এরপর এ ধরনের আচরণ করবে না বলে ওয়াদা করে।

ক. আখলাক যামিমাহর অপর নাম কী? ১

খ. সৎকাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ বলতে কী বোঝায়? ২

গ. জামিলের আচরণ ইসলামি শরিয়াতের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "নৈতিক অবক্ষয় রোধে জামানের মতো ভূমিকা পালনই ইসলামের দাবি" উদ্দীপক ও তোমার পাঠ্য বইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৯. প্রেক্ষাপট-১

ইশতিয়াক সাহেবের বাসায় একজন এতিম ভাতিজা বসবাস করে। বাসার সবাই তাকে খুব ভালোবাসে। নিজেরা যা খায় পরে তাকেও তাই খেতে ও পরতে দেয়।

প্রেক্ষাপট-২

সোহাগ আশুগঞ্জ থানার ১০ নং ইউপি-এর চেয়ারম্যান। তিনি সকলের মঙ্গলের জন্য কিছু আইন প্রণয়ন করেন। কেউ অপরাধ করলে তা ব্যক্তিগত অপরাধ হিসেবে গণ্য হবে। নিজ এলাকা বহিঃশত্রু কর্তৃক আক্রান্ত হলে সকলে সম্মিলিতভাবে মোকাবেলা করবে। নিজ এলাকার মুসলমান ও অমুসলমান সম্প্রদায় স্বাধীনভাবে নিজ নিজ ধর্ম পালন করবে।

ক. মহানবি (সঃ) মসজিদে নববিকে সকল মুসলিমের কী হিসেবে গড়ে তুললেন? ১

খ. মহানবি (সঃ) হুদায়বিয়ার সন্ধি করলেন কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রেক্ষাপট-১-এর সাথে মহানবি (সঃ)-এর কোন দিকটির মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ২নং প্রেক্ষাপটটিকে তোমার পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৭. হাসান সাহেব একজন সৎ ব্যবসায়ী। তার সংসারে অভাব অভিযোগ লেগেই থাকে। হাসান সাহেবের স্ত্রী সাবিহা মাঝে মধ্যে বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্যে তাকে দু'একটা মিথ্যা বলতে, ওজনে কম দিতে ও দ্রব্যে ভেজাল মেশাতে বলে, কিন্তু হাসান সাহেব তাকে বুঝিয়ে বলে "মানুষকে ফাঁকি দেয়া গেলেও আল্লাহর চোখকে ফাঁকি দেয়া যাবে না।"

ক. সত্যবাদিতার বিপরীত কী? ১

খ. আমরা সত্যবাদিতার অনুশীলন করব কেন? ব্যাখ্যা কর। ২

গ. কোন গুণের কারণে হাসান সাহেব অসৎপথ অবলবম্বন করতে রাজি হলো না ব্যাখ্যা কর। ৩

ঘ. হাসান সাহেবের স্ত্রী সাবিহার মতামতকে তুমি সমর্থন করো কি? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

Copyright Md Shah Jamal

সময় ঃ ৪০ মিনিট   বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা (বহুনির্বাচনি)   পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

১. **ইসলাম আল্লাহর নিকট একমাত্র মনোনীত ধর্ম। কারণ এতে রয়েছে—**
i. সকল সমস্যার সমাধান
ii. দোজাহানের কল্যাণ
iii. সমৃদ্ধিলাভের উপায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

২. **তাওহিদ প্রতিষ্ঠার জন্য মহানবি (স) কোথায় হিজরত করেছিলেন?**
ক তায়েফে   খ সিরিয়ায়
গ মদিনায়   ঘ খায়বরে

৩. **জনাব আমান তাওহিদে অবিশ্বাসী। এর ফলে তার মধ্যে সৃষ্টি হবে—**
ক ঐক্য   খ বিদ্বেষ
গ অনৈক্য   ঘ হিংসা

৪. **মি. ফিরোজ মুশরিকদের এক অনুষ্ঠানে গিয়ে কপালে তিলক পরেন। তার এরূপ ইচ্ছাকৃত তিলক পরা—**
i. কুফর   ii. শিরক   iii. নিফাক
**নিচের কোনটি সঠিক?**
ক i   খ ii
গ iii   ঘ i ও ii

৫. **ঈসা (আ) কে আল্লাহর পুত্র মনে করা কোন ধরনের শিরক?**
ক অস্তিত্বে   খ গুণাবলিতে
গ পরিচালনায়   ঘ ইবাদতে

৬. **নবি-রাসুলগণ কী অনুশীলন করতেন?**
ক ন্যায়পরায়ণতা   খ দাওয়াত পদ্ধতি
গ সৎ গুণাবলি   ঘ সত্যবাদিতা

৭. **রিয়াদ আল্লাহকে বিশ্বাস করে কিন্তু রিসালাতে বিশ্বাস করে না। এর ফলে সে কী হিসেবে বিবেচিত হবে?**
ক কাফির   খ মুশরিক
গ খায়িন   ঘ মুনাফিক

৮. **কোন গ্রন্থটি মুত্তাকিদের জন্য পথ নির্দেশক?**
ক আল কুরআন   খ জাবুর
গ ইঞ্জিল   ঘ তাওরাত

৯. **জনাব আশরাফ আখিরাতে বিশ্বাসী। এজন্য তিনি বিরত হবেন—**
i. পাপাচার থেকে   ii. অশ্লীলতা থেকে
iii. জাগতিক কাজকর্ম থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১০. **ইসলামি আইন কানুন ও বিধি-বিধানকে একত্রে কী বলা হয়?**
ক শরিয়ত   খ তরিকত
গ মারিফাত   ঘ হাকিকত

১১. **শরিয়তের অন্যতম তাৎপর্য হচ্ছে—**
i. আত্মিক পরিশুদ্ধি অর্জন
ii. সামাজিক সম্প্রীতি
iii. রাজনৈতিক সহিংসতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১২. **কুরআন নাযিলের সাথে সাথে মুখস্থ করার জন্য রাসুল (স)-এর ব্যাকুলতার কারণ—**
i. স্মৃতি থেকে বাদ পড়ার আশঙ্কা
ii. দ্রুত মুখস্থ করার জন্য প্রচেষ্টা
iii. জিবরাইল (আ)-এর ফিরে যাওয়ার আশঙ্কা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৩. **জনাব শাহীন একটি নেক কাজ করে দশগুণ নেক অর্জন করতে চান এজন্য তাকে—**
ক কুরআন তিলাওয়াত করতে হবে
খ দর্শনশাস্ত্র অধ্যয়ন করতে হবে
গ ফিকহশাস্ত্র অধ্যয়ন করতে হবে
ঘ হাদিস তিলাওয়াত করতে হবে

১৪. **জনাব আশরাফুল অন্তরের মরীচা দূর করতে চান। এজন্য তার করণীয় হবে—**
i. মৃত্যুর কথা স্মরণ করা
ii. দর্শনশাস্ত্র অধ্যয়ন করা
iii. কুরআন তিলাওয়াত করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৫. **কোন শব্দ থেকে সূরা 'আশ শামস' নামকরণ করা হয়েছে?**
ক শামস   খ কামার
গ সুমুস   ঘ খুমুস

১৬. **উৎপাদিত ফল ও ফসল থেকে প্রাণী কিছু ভক্ষণ করলে তা কী হিসেবে বিবেচিত হয়?**
ক সদকা   খ রিযক
গ খাবার   ঘ অনুগ্রহ

১৭. **শামিম কুরআন, হাদিস এবং ইজমাতে কোনো বিষয়ের সমাধান না পেলে শরিয়তের আলোকে নিজের বিবেক বুদ্ধি প্রয়োগ করে সঠিক সিদ্ধান্তে পৌঁছে। এর ফলে সে লাভ করবে—**
i. রাসুল (স)-এর প্রশংসা
ii. রাসুল (স)-এর সন্তুষ্টি
iii. সাহাবিগণের প্রশংসা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

১৮. **আহকাম অর্থ কী?**
ক নিয়মাবলি   খ বিধানাবলি
গ নির্দেশাবলি   ঘ রচনাবলি

১৯. **হালাল বস্তু গ্রহণে আল্লাহর নির্দেশের মূল উদ্দেশ্য কী?**
ক ইহকালীন কল্যাণ ও পরকালীন মুক্তি
খ শারীরিক সুস্থতার মাধ্যমে দীর্ঘায়ু লাভ
গ দীর্ঘায়ু লাভের মাধ্যমে সুনাগরিক গঠন
ঘ শারীরিক সুস্থতার মাধ্যমে সম্পদ লাভ

২০. **রাসুল (স) এর হাদিস অনুযায়ী এক মুসলিমের উপর অপর মুসলিমের কয়টি অধিকার রয়েছে?**
ক চারটি   খ পাঁচটি
গ ছয়টি   ঘ সাতটি

Copyright Md Shah Jamal

২১. সালাত মানুষকে যে ধরনের জীবনযাপনে উদ্বুদ্ধ করে—
i. শৃঙ্খলাবোধ ii. নিয়মতান্ত্রিক
iii. পরিচ্ছন্ন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
স্কুলে টিফিনের সময় ইমাম তার বন্ধু রওনককে নামায আদায়ের জন্য ডাকল। কিন্তু রওনক তাকে অগ্রাহ্য করে টিফিন করে ক্লাসে গিয়ে বসল। ইমাম মনে খুব কষ্ট পেল।

২২. রওনক কোনটি অগ্রাহ্য করল?
ক সামাজিক বিধান খ স্কুলের বিধান
গ আল্লাহর বিধান ঘ রাসুল (স) এর বিধান

২৩. রওনক তার কাজের ফলে বঞ্চিত হবে —
i. আল্লাহর নৈকট্য লাভ থেকে
ii. অধিক সওয়াব লাভ থেকে
iii. সামাজিক সম্প্রীতি ও সাহায্য থেকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৪. সাওমের ফারসি প্রতিশব্দ কোনটি?
ক নামাজ খ হজ
গ যাকাত ঘ রোজা

২৫. ইসলামের কোন রুকন সম্পর্কে পবিত্র কুরআনে একটি পূর্ণাঙ্গ সূরা নাযিল হয়েছে?
ক সালাত খ হজ
গ সাওম ঘ যাকাত

২৬. জিহাদ কোন ভাষার শব্দ?
ক আরবি খ ফারসি
গ উর্দু ঘ হিন্দি

২৭. জিহাদ ও সন্ত্রাসকে এক করে ফেলার কারণ কী?
ক ইসলামি জ্ঞানের স্বল্পতা
খ সাধারণ মানুষের মূর্খতা
গ ইসলামের শত্রুদের ক্ষমতা
ঘ জ্ঞানী লোকদের অসাবধানতা

২৮. আখলাক অর্থ কী?
ক জীবন খ চরিত্র
গ আদর্শ ঘ সততা

২৯. স্বদেশপ্রেম কিসের অঙ্গ?
ক ইসলামের খ মুমিনের
গ ইমানের ঘ মুত্তাকির

৩০. দেশপ্রেম ইমানের অঙ্গ। তাই আমরা—
i. দেশের মানুষকে ভালোবাসব
ii. সীমান্ত রক্ষায় বিনিদ্র রাত্রিযাপন করব
iii. জাতীয় উন্নতিতে অবদান রাখব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩১. মানবজীবনে সফলতা লাভের প্রধানতম হাতিয়ার কোনটি?
ক কর্তব্যপরায়ণতা খ স্বদেশপ্রেম
গ ভ্রাতৃত্ববোধ ঘ নারীর প্রতি শ্রদ্ধাবোধ

৩২. রিদওয়ান সাহেব তার অফুরন্ত সম্পদ থেকে পরিবারের জন্য প্রয়োজন মাফিক সম্পদ ব্যয় করেন। ইসলামের দৃষ্টিতে তার পরিচয় কোনটি?
ক কর্তব্যপরায়ণ খ মিতব্যয়ী
গ সম্পদশালী ঘ ক্ষমাশীল

৩৩. নিচের কোনটি মানব চরিত্রকে ধ্বংস করে দেয়?
ক হিংসা খ অহংকার
গ অশিক্ষা ঘ প্রতারণা

৩৪. কর্মবিমুখতার ফলে মানুষ—
i. কর্মক্ষমতা হারিয়ে ফেলে
ii. পাপ কাজে জড়িয়ে পড়ে
iii. হতাশ জীবনযাপন করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড় এবং ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
কাশীপুর ইউনিয়নের চৌধুরী এবং হাওলাদার বংশ তাদের নিজ নিজ সুনামের জন্য বিখ্যাত। তবে কিছুদিন ধরে তাদের মধ্যে দ্বন্দ্ব চলে আসছে। চৌধুরীরা অন্যায়ভাবে হাওলাদারদের ওপর আক্রমণ চালায়। পরিস্থিতি ভয়াবহ দেখে গ্রামের একজন নামকরা সমাজসেবক কিছু শান্তিকামী মানুষদের নিয়ে একটি সংঘ গঠন করেন যা গ্রামের শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠায় ভূমিকা রাখে।

৩৫. অনুচ্ছেদের ঘটনাটি রাসুল (স)-এর কোন ঘটনার সাথে সম্পর্কিত?
ক হিজরত খ হিলফুল ফুযুল গঠন
গ মদিনায় আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠা
ঘ হুদায়বিয়ার সন্ধি স্থাপন

৩৬. উক্ত ঘটনাটির প্রেক্ষাপট কী ছিল?
ক বদর যুদ্ধের বিভীষিকা
খ ফিজার যুদ্ধের ভয়াবহতা
গ কাফিরদের নির্মম অত্যাচার
ঘ মুসলমানদের ইসলাম গ্রহণ

৩৭. ইমাম বুখারি (র) কত হিজরিতে জন্মগ্রহণ করেন?
ক ১৯৪ খ ১৯৫
গ ১৯৬ ঘ ১৯৭

৩৮. আল মানসুরি গ্রন্থটি কত খণ্ডে বিভক্ত?
ক ৯ খ ১০ গ ১১ ঘ ১২

৩৯. কত বছর বয়সে আত-তাবারি (র) কুরআন মুখস্থ করেন?
ক চার খ পাঁচ গ ছয় ঘ সাত

৪০. বিজ্ঞানের মূল বলা হয় কোনটিকে?
ক রসায়নকে খ ভূগোলকে
গ গণিতকে ঘ পদার্থকে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | ক |
| ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |
| ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | গ |